Issue cover not available

Vol. 12 | No. 1 | 1968

Check for updates

সাহিত্য পত্রিকা

journal.bangla.du.ac.bd

# দর্শন ও মনোবিদ্যা পরিভাষাকোষ


| | |
|---|---|
| Volume | 12 |
| Issue | 1 |
| Year | 1968 |
| ISSN | 0558-1583 |
| eISSN | 3006-886X |
| Author(s) | সাইয়েদ আবদুল হাই |
| Published online | June 15, 1968 |
| DOI | 10.62328/sp.v12i1.4 |
| Link to article | https://doi.org/10.62328/sp.v12i1.4 |
| Pages | 97-122 |
| Publisher | University of Dhaka |
| Copyright | সাহিত্য পত্রিকা |
| Designed and Developed by | Zobayer Abdullah |

Check for updates

# দর্শন ও মনোবিদ্যা পরিভাষাকোষ

[ মুসলিম দর্শন ও তৎসংশ্লিষ্ট শব্দ এবং উপপদ প্রভৃতির অর্থ, সংজ্ঞা ও ব্যাখ্যা সম্বলিত। ]

সাইয়েদ আবদুল হাই

[ প্রথম ( )- এর মধ্যে বাংলা অক্ষরে শব্দটির উচ্চারণ ও পরের ( )- এর মধ্যে সংকেতের সাহায্যে শব্দটি দর্শন ও মনোবিদ্যার কোন শাখায় অধিক ব্যবহৃত হয় তাহা দেওয়া হইয়াছে। ]

যুঃ = যুক্তি বিদ্যা ( Logic )
দঃ = সাধারণ দর্শনশাস্ত্র ( General Philosophy )
অর্থাৎ তত্ত্ববিদ্যা ( Methaphysics ) ও ধীবিদ্যা ( Epistemology )
নীঃ = নীতি শাস্ত্র ( Ethics )
মঃ = মনোবিদ্যা ( Psychology )
সাঃ বিঃ = সাধারণ বিজ্ঞান ( General Science )
খৃঃ = খৃষ্টাব্দ।
হিঃ = হিজরী সন।
আঃ = আরবী।
উঃ = উর্দু।
সঃ = সংস্কৃত।
চৈঃ = চৈনিক।

[ পূর্ব প্রকাশিতের পর ]

F

**Fables test** ( ফেব্‌ল্‌স্‌ টেষ্ট ) — ( মঃ ) গল্প পরখ।

ইহা এক প্রকারের মানসিক পরখ। ইহাতে পরখপাত্রকে একটি গল্প শুনাইয়া তাহার অর্থ করিতে বলা হয়। সেই অর্থের মাধ্যমেই পরখপাত্রের মানসিকতার ও মানসিকবৃত্তির ধারণা ও পরিমাপ করা যাইতে পারে।

**Facilitation** ( ফেসিলিটেশান্‌ )—সৌকর্য, আনুকূল্য।

**Fact** ( ফ্যাক্‌ট্‌ ) — তথ্য, ঘটনা।

**Factor** ( ফ্যাক্‌টর ) — আংশিক কারণ, উৎপাদক, উপাদান।

**Factor analysis** ( ফ্যাক্‌টর অ্যানালাইসিস ) —
**Factorial** —( ফ্যাকটোরিয়াল ) — } ( মঃ ) অংশ বিশ্লেষণ, উৎপাদক বিশ্লেষণ, কারণ বিশ্লেষণ।

ইহা মনোবিদ্যার একটি বিশেষ পদ্ধতি। কোন তথ্য সংগ্রহের পর তাহার মধ্যের মূল উপাদান বা কারণ নির্ণয় করার জন্য অর্থগুলিকে বিশেষ ভাবে বিশ্লেষণ করা হয়।

**Factor theories of intelligence** ( ফ্যাকটর থীয়োরিজ অব ইন্‌টেলিজেন্স ) —বুদ্ধির উপাদান মতবাদ।

বুদ্ধির উপাদান একটি, দুইটি না বহু ইহা লইয়া মনোবিজ্ঞানীদের মধ্যে মতভেদ আছে। সাধারণ মতবাদ হইল বুদ্ধির উপাদান একটি। থর্নডাইকের ( Thorndyke ) মতে বুদ্ধির উপাদান বহু। তিনি মনে করেন যে, প্রত্যেক কার্যের জন্য বুদ্ধির এক একটি উপাদান প্রয়োজন। স্পীয়ারম্যানের ( Spearman ) মতে বুদ্ধির উপাদান দুইটি, একটি সাধারণ বুদ্ধি অপরটি বিশেষ বুদ্ধি।

**Factitious** ( ফ্যাকটিশাস্‌ ) — কৃত্রিম।

**Factual** ( ফ্যাকচুয়্যাল ) — তথ্যপূর্ণ, তথ্যসংক্রান্ত।

**Faculty** ( ফ্যাকালটি ) — ( মঃ ) বৃত্তি, শক্তি ও মানসিক শক্তি।

**Faculty Psychology** (ফ্যাকালটি সাইলজি ) — বৃত্তি মনোবিজ্ঞান।

মনোবিদ্যার এই শাখায় সকল প্রকার মানসিক কার্য বা প্রক্রিয়া এক একটি বৃত্তিরই প্রকাশ বলিয়া মনে করা হয়। এই মতে স্মৃতি,

কল্পনা, ইচ্ছা প্রভৃতি এক একটি বৃত্তি।

**Faith** ( ফেথ্ ) — বিশ্বাস, ঈমান, আস্থা।

—**healing** ( —হীলিং ) — বিশ্বাস আরোগ্য, বিশ্বাস নিরাময়।

**Fakhruddin ar-Razi** ( ফখরুদ্দিন আর-রাজী ) — ফখরুদ্দীন আর-রাজী।
**Ar-Razi Fakhruddin** দ্রষ্টব্য।

**Fallacy** ( ফ্যালাসি ) — ( যুঃ ) অনুপপত্তি, যুক্তিদোষ।

অনুপপত্তি কথাটির প্রকৃত অর্থ হইল দোষযুক্ত যুক্তি বা অপ-যুক্তি। কিন্তু সাধারণতঃ অনুপপত্তি কথাটি আরও ব্যাপক অর্থে ব্যবহৃত হয়। ইহা কেবল যুক্তির দোষ নয়, যুক্তিসংক্রান্ত যে কোন প্রক্রিয়ার নিয়মের লঙ্ঘনকেও বুঝায়। যুক্তিবিদ্যার শ্রেণীবিভাগ অনুসারে অনুপপত্তিকে অবরোহমূলক ও আরোহমূলক এই দুইভাগে ভাগ করা যাইতে পারে। তাহা ছাড়া আরও এক প্রকারের অনুপপত্তি আছে যাহা প্রকৃতপক্ষে যুক্তিবিদ্যার আওতায় না পড়িলেও যুক্তিবিদ্যায় ব্যবহার করা হয়। সেগুলিকে বলা হয় অর্দ্ধযৌক্তিক অনুপপত্তি ( Semi logical Fallacy ).

**Fan** (ফেন)
**Fu** ( ফু ) } পরিদৃশ্যমান জগতের পরিবর্তনের সর্বপ্রধান নিয়ম। (চৈনিক দর্শন)

**Fana** ( ফানা ) — ( দঃ ) ফানা, নির্বাণ।

সূফী মতবাদ অনুসারে ব্যক্তিসত্তা যে অবস্থায় পরম সত্তা অর্থাৎ আল্লাহ্‌র সত্তায় বিলীন হইয়া যায়, সেই অবস্থার নাম ফানা।

**Fanaticism** ( ফ্যান্যাটিসিজ্‌ম ) — ধর্মোন্মাদনা।

**Fancy** ( ফ্যান্‌সি )—কল্পনাশক্তি, কল্পনা, রুচি।

**Fantasy** ( ফ্যান্‌ট্যাসি )—আকাশকুসুম।

**Fantastic** ( ফ্যান্‌ট্যাস্‌টিক্ )—কাল্পনিক, অবাস্তব, আজগুবি।

**Fantasm** ( ফ্যান্‌টাজম্ ),—অপচ্ছায়া, ভূত।

**Faqr** ( ফাক্‌র )—( আরবী )—দারিদ্র্য, পার্থিব সম্পদের প্রতি উপেক্ষা।

সুফী সাধনায় পার্থিব সম্পদের প্রতি উপেক্ষা একটি বিশেষ প্রয়োজনীয় অঙ্গ।

**Farabi** ( ফারাবী )—ফারাবী, আল-ফারাবী।
Al-Farabi দ্রষ্টব্য।

**Far end** ( ফারএণ্ড্ )—শেষ প্রান্ত, শেষ সীমা।

**Faraizi** ( ফারায়েযী )—ফারায়েযী, ফারায়েযী আন্দোলন।

ফারায়েযী আন্দোলন পূর্ব পাকিস্তানের ওহাবী আন্দোলনের একটি প্রশাখা। ফরিদপুর জিলার বাহাদুরপুর গ্রামে হাজী শরিয়তুল্লাহ্ সাহেব উনবিংশ শতাব্দীর প্রথম ভাগে এই আন্দোলন শুরু করেন। মুসলমানদিগকে হিন্দু প্রভাব ও অন্যান্য কুসংস্কার হইতে মুক্ত করা, তাহাদিগকে স্বাবলম্বী ও ধর্মের কাজে নিয়োগ করা এবং দরিদ্র মুসলমানদিগকে জমিদার ও মহাজনদিগের অত্যাচার হইতে রক্ষা করাই ছিল এই আন্দোলনের প্রাথমিক কর্মসূচী। সম্ভবতঃ ফারায়েয ( আরবী ফারয শব্দের বহুবচন ) বা ধর্মীয় অবশ্য কর্তব্য-গুলির উপর সবিশেষ গুরুত্ব আরোপ করা হয় বলিয়া এই আন্দোলন ফারায়েযী আন্দোলন নামে খ্যাত। এই আন্দোলন ইহার পরবর্তী নেতা দুধু মিয়ার সময়ে খুবই শক্তিশালী হইয়া উঠে।

Dudhu Miyan দ্রষ্টব্য।

**Fariduddin Attar** ( ফারীদ-উদ্‌দীন আত্‌তার )—ফারীদ্ উদ্‌-দীন আত্‌তার ফারীদুদ্দীন আত্তার।

ফারীদ্‌-উদ্‌-দীন আত্‌তার ছিলেন পারস্যের একজন প্রসিদ্ধ স্বূফী ও একজন প্রতিভাবান কবি। তিনি আনুমানিক ১১১৮ খৃষ্টাব্দে নিশাপুরের নিকটবর্তী কাদকান গ্রামে জন্মগ্রহণ করেন ও ১২২৯ খৃষ্টা-ব্দের মুঘল আক্রমণের সময় নিহত হন। তিনি স্বূফীবাদ সম্বন্ধে প্রায় ৩০খানি কাব্য রচনা করেন। তন্মধ্যে 'মানতাকুত্‌-তায়্‌র' বা পারিদের কথোপকথন খুবই প্রসিদ্ধ।

**Farsight** ( ফার্‌সাইট )—দুরদৃষ্টি, পরিণাম-দর্শন।

**Farz** ( ফারয্ )— } ( আরবী, ) —ফারয্, ফরজ, অবশ্যকর্ত্তব্য।
**Fardz** } ( ইসলামী ফিকাহ্‌র শব্দ )।

**Fascism** ( ফ্যাসিজ্‌ম্ )—ফ্যাসিবাদ; স্বৈরতন্ত্রবাদ, রাষ্ট্রসর্বস্ববাদ।

'সবার উপরে রাষ্ট্রীয় স্বার্থের স্থান', মুসোলিনি প্রবর্তিত এই স্বৈরতান্ত্রিক রাষ্ট্রদর্শন।

**Fashion** ( ফ্যাশন্ )—আকার, গঠন, ধরন।

**Fascination** ( ফ্যাসিনেশান্ )—আসক্তি ।

**Fatalism** ( ফ্যাটালিজ্‌ম )—অদৃষ্টবাদ, তক্‌দীরবাদ, নিয়তিবাদ।

অদৃষ্টবাদীদের মতে জগতের সকল ঘটনাই পূর্বনির্দ্ধারিত। সৃষ্টিকর্তা সৃষ্টির সময়ই সকল বস্তু ও জীবের নিয়তি স্থির করিয়া দিয়াছেন। এই নিয়তি অনুসারেই বস্তু বা জীবের কার্যাবলী ঘটিয়া থাকে।

**Fatalist** ( ফ্যাটালিষ্ট )—অদৃষ্টবাদী, তক্‌দীরবাদী।

**Fatalistic** ( ফ্যাটালিস্‌টিক )—অদৃষ্টবাদ সম্বন্ধীয়, তকদীরবাদ সম্বন্ধীয়।

**Fate** ( ফেট )—অদৃষ্ট, তক্‌দীর।

**Fatemid** ( ফাতেমিড )—ফাতেমী, মিশরের ফাতেমী খালীফা সংক্রান্ত।

মিশরের ফাতেমী খালীফাদের ( ৯০৯—১১৭১ খৃঃ ) সময়ে মিশরে জ্ঞানবিজ্ঞানের চর্চা বিশেষ প্রসার লাভ করে। খালীফা আল-হাকীমের সময় বিজ্ঞান ও দর্শনের চর্চার জন্য দারুল হিকমাত নামে একটি প্রতিষ্টান স্থাপিত হয়।

Darul Hikmat দ্রষ্টব্য।

**Fatiguability** ( ফ্যাটিগুয়েবিলিটি ) — অবসাদজনকতা, ক্লান্তিজনকতা।

**Fatigue** ( ফ্যাটিগ ) — অবসাদ, ক্লান্তি।

**Fatiha** ( ফাতিহা ) — ( আরবী ) — ফাতিহা, আরম্ভনী।

**Fault** ( ফল্ট ) — দোষ, ত্রুটি।

**Faeces** / **Feces** ( ফিশিজ ) – তলানি, মল।

**Fear** ( ফিয়ার ) — ( মঃ ) ভয়, ভীতি।

**Feature profile Test** ( ফিচার প্রোফাইল টেস্ট্ ) — ( মঃ ) পার্শ্ব অবয়ব গঠন পরখ।

ইহা এক প্রকারের সম্পাদন পরখ। ইহাতে একটি পার্শ্ব অবয়বের ছবি কয়েকটি টুকরা করিয়া ঠিকমত মিল করার জন্য দেওয়া হয়।

**Fechner's law** ( ফেক্‌নার্‌স ল' ) — ( মঃ ) ফেকনারের সূত্র।

উদ্দীপকের মাত্রা বৃদ্ধির ফলে সংবেদনের যে মাত্রা বৃদ্ধি হয় সে সম্পর্কে ওয়েবার (Weber) একটি সূত্র প্রদান করেন। এই সূত্রের উদ্দীপকের মাত্রা বৃদ্ধির গাণিতিক পরিমাণ নির্দিষ্ট করা হইয়াছে; কিন্তু ইহাতে সংবেদনবৃদ্ধির গাণিতিক পরিমাণ নির্দিষ্ট করা হয় নাই। ফেক্‌নার এই সংবেদনবৃদ্ধির গাণিতিক পরিমাণ নির্দেশ করেন। তাঁহার সূত্র অনুসারে উদ্দীপক বৃদ্ধির মানকে একটি অপরিবর্তিত ভগ্নাংশ দ্বারা গুণ করিতে থাকিলে যে নিম্নতম বোধ-গম্য সংবেদন বৃদ্ধি পাওয়া যায় উহাদেরকে জ্যামিতিক ধারা ( Geometrical progession ) ও গাণিতিক ধারা ( Arithmetical progression ) বলা যাইতে পারে।

**Fechner paradox** ( ফেক্‌নার প্যারাডক্স ) — ফেক্‌নারের কূটাভাস।

দুই চক্ষু দ্বারা কোন বস্তুকে দেখিয়া এক চক্ষু বন্ধ করিলে বস্তুটিকে উজ্জ্বলতর দেখা যায়। এই বিষয়টি ফেক্‌নার প্রথম আবিস্‌কার করেন বলিয়া ইহাকে ফেক্‌নারের কূটাভাস বলা হয়।

**Feeling** ( ফিলিং ) — ( মঃ ) অনুভূতি।

ইন্দ্রিয়ের উদ্দীপনা হইতে উৎপন্ন সংবেদনের সুখ-দুঃখই অনুভূতি।

**Feeble minded** ( ফিব্‌ল মাইন্‌ডেড ) — ( মঃ ) ক্ষীণ বুদ্ধি।

যাহাদের বুদ্ধি স্বাভাবিক বুদ্ধি হইতে কম তাহাদিগকে ব্যাপক অর্থে ক্ষীণ বুদ্ধি বলা যাইতে পারে। কিন্তু মনোবিদ্যার পরিভাষায় বুদ্ধিমাত্রা যাহাদের ৭০ হইতে—৫০ তাহাদিগকে ক্ষীণ বুদ্ধি বলা হয়।

**Felicific** ( ফ্যালিসিফিক্‌ ) — আনন্দপ্রসূ।

**Feminism** ( ফেমিনিজ্‌ম ) — নারীপ্রবণতাবাদ, নারীস্বাধীনতাবাদ, নারী-পুরুষ সমতা।

নারী স্বাধীনতাবাদ ঊনবিংশ শতাব্দীর ইউরোপের একটি সামাজিক আন্দোলন। এই আন্দোলনের উদ্দেশ্য ছিল নারীদের জন্য পুরুষের সমান সামাজিক ও আইনগত অধিকার লাভ।

**Feminization** ( ফেমিনিজেশান্ ) — নারীভাবাপন্নতা, নারীপ্রাধান্য।

**Fenestra** ( ফেনেসট্রা ) — হাড়ের ছিদ্র।

**Fertilty** ( ফারটিলিটি ) — উর্বরতা।

**Fertilization** ( ফারটিলাইজেশান্ ) —উর্বরতা সাধন, উর্বরতা প্রাপ্তি।

**Fetal period** ( ফিটাল পিরিঅড ) — ভ্রূণকাল।

**Fetish** ( ফেটিশ্ ) —জড়োপাসনা, বস্তুউপাসনা।

**Fetishism** ( ফেটিশিজ্‌ম ) — অন্ধবিশ্বাস, অহেতুক মূল্য আরোপ।

কোন বস্তুকে অলৌকিক ক্ষমতাসম্পন্ন মনে করিয়া তাহার প্রতি অহেতুক আসক্তি দেখান ফেটিশিজ্‌ম নামে পরিচিত। এই মনোভাবে কোন বস্তুবিশেষে আধ্যাত্মিক শক্তি আছে বলিয়া মনে করা হয়।

**Fetus** ( ফিটাস ) — ভ্রূণ।

**Fibre** ( ফাইবার ) — তন্তু।

**Fibril** ( ফিবরিল ) — তন্তুসম্বলিত।

**Fibrous layer** ( ফিবরাস লেয়ার ) — পর্দা।

**Fiction** ( ফিক্‌শান্ ) —কল্পিত বস্তু।

**Fictionism** ( ফিক্‌শানিজ্‌ম্ ) — ( দঃ ) কল্পনাবাদ।

জার্মান দার্শনিক এইচ্. ভলকিসগার প্রবর্তিত মতবাদ। বিংশ শতাব্দীর প্রথম ভাগে এই মতবাদ অনুসারে প্রাকৃতিক বিজ্ঞান, দর্শন প্রভৃতির মূল ধারণাগুলির কোন বাস্তব সত্যতা নাই। এই গুলি কল্পনা মাত্র।

**Fideism** ( ফিডেইজ্‌ম ) — বিশ্বাসবাদ।

**Fides** ( ফিড্‌স ) — বিশ্বাস।

**Field** ( ফিল্‌ড্ ) — ক্ষেত্র।

— **of relation** ( — অব রিলেশান ) —সম্বন্ধ-ক্ষেত্র।

— **theory** ( — থিওরী ) — ক্ষেত্রমতবাদ।

**Figure** ( ফিগার ) —আকার, শেক্‌ল।

— **of Syllogism** ( ফিগার অব সিলসিজজ্‌ম ) —( দঃ ) সহানুমানের আকার।

মধ্যপদ (Middle term)-এর অবস্থান অনুসারে সহানুমানের যে আকার নির্ধারিত হয় তাহাকে সহানুমানের আকার বলে। মধ্য-পদের অবস্থান চার প্রকার হইতে পারে। অতএব সহানুমানের আকারও চার প্রকার।

Fikh, Fiqh (ফিক্‌হ্)—(আরবী) ফিক্‌হ, ফিকাহ্, ইসলামী ব্যবহারিক আইন শাস্ত্র।

Filioque (ফিলিওক) — খৃষ্টান তত্ত্ববাদের একত্রে সমন্বয়।

Filial generations (ফিলিয়্যাল জেনারেশান্‌স) —অপত্যপুরুষ।

Filial regression (ফিলিয়্যাল রিগ্রেশান্) — (মঃ) অপত্যপ্রত্যাবৃত্তি।

পিতৃপুরুষে কোন বিষয়ে স্বাভাবিক মাত্রা হইতে কোন ব্যতিক্রম থাকিলে অপত্যপুরুষের বেলায় সেই ব্যতিক্রম ক্রমশই হ্রাসপ্রাপ্ত হইয়া স্বাভাবিক মাত্রায় আসিয়া দাঁড়ায়। বংশানুক্রমভাবে জীবের বেলায় স্বাভাবিক মাত্রার দিকে প্রত্যাবর্তন করার একটি স্বাভাবিক প্রবৃত্তি আছে। জীববিজ্ঞানী গ্যালটন (Galton) সর্বপ্রথম এই সূত্র আবিষ্কার করেন।

Filiform papilla (ফিলিফর্‌ম প্যাপিলা)—স্বাদহীন জিহ্বামুকুল।

Filiform Script (ফিলিফর্‌ম স্ক্রিপট্)—তুগরা লেখা।

Film colour (ফিল্‌ম কালার)—প্রতিচ্ছবি বর্ণ।

Final (ফাইন্যাল)—চরম, শেষ।

Final cause (ফাইনাল কজ)—(দঃ, যুঃ) চরম কারণ, শেষ কারণ।

দর্শনে চরম কারণ বলিতে সাধারণতঃ সৃষ্টিকর্তা আল্লাহ্‌তা'আলাকে বুঝান হয়।

আরিস্‌তোতল সাধারণ কার্যকারণ সম্বন্ধ ব্যাখ্যা করিয়া দেখাইয়াছেন যে কারণের মধ্যে চারিটি অংশ রহিয়াছে—উপাদানগত, আকারগত, নিমিত্ত (efficient) ও চরম কারণ। যে উদ্দেশ্যে কোন উপাদানে পরিবর্তন ঘটানো হয়, সেই উদ্দেশ্যকে তিনি চরম কারণ আখ্যা দিয়াছেন।

Finalism (ফাইনালিজ্‌ম)—চরমবাদ।

Fine arts (ফাইন আর্টস্)—চারুবিদ্যা।

**Finger talk** ( ফিংগার টক্ )—আঙুল-কথা।

আঙুলের সাহায্যে অক্ষর ও প্রতীক তৈরী করিয়া কথা বলার পদ্ধতি। সাধারণতঃ বোবারা এই পদ্ধতি ব্যবহার করিয়া থাকে।

**Finite** ( ফাইনাইট ; ফিনিট )—সসীম।

**Fiqh** ( ফিকহ্ )—( আরবী ) ফিকাহ্ Fikh দ্রষ্টব্য

**Fire-worship** ( ফায়ার ওয়ারসিপ )—অগ্নিউপাসনা।

পারশী বা যোরো-আস্তারের ধর্মমতে অরমায্দ, অর্থাৎ পবিত্র বা আলোক শক্তির প্রতীক হিসাবে অগ্নির উপাসনা করা হয়।

**First Cause** ( ফার্স্ট কজ )—(দঃ) আদি কারণ, প্রথম কারণ।

আস্তিকতাবাদী দার্শনিক মতবাদগুলিতে আল্লাহ্ বা ঈশ্বরকে জগতের সবকিছুর আদি কারণ বলিয়া মনে করা হয়।

**—Heaven** ( ফার্স্ট হেভেন )—প্রথম আকাশ।

**—mover** ( ফার্স্ট মুভার )—প্রথম চালক।

**—Philosophy** ( ফার্স্ট ফিলজফী )—প্রথম দর্শন, ঈশ্বর-তত্ত্ব।

**Fissure** ( ফিশার )—ফাট ; বিদার।

মস্তিষ্কের উপরিভাগের গভীর ফাট বা ভাঁজকে 'ফিশার' বলা হয়। এইরূপ দুইটি ভাঁজ আছে—একটির নাম 'ফিশার অব রোল্যাণ্ডো' ( Fissure of Rolando ), অপরটির নাম 'ফিশার অব সিলভিয়াস' ( Fissure of Sylvius )।

**Fission** ( ফিশান্ )—খণ্ড খণ্ড হইয়া বহুর জন্ম।

**Fit** ( ফিট্ )—(মঃ) মূর্ছা। অন্য অর্থে উপযুক্ত।

**Fittest** ( ফিটেস্ট )—যোগ্যতম ; সর্বাপেক্ষা উপযুক্ত।

**—,survival of the** ( —,সারভাইব্যাল অব দি )—(দঃ) যোগ্যতমের উদ্বর্তন।

ডারউইনের ( Charles Darwin ) মতে জীবজগতে অভিব্যক্তির ফলে বিভিন্ন জাতি ও উপজাতির সৃষ্টি হইয়াছে। এই অভিব্যক্তি যোগ্যতমের উদ্বর্তনের ফলে।

**Fixation** ( ফিক্সেশান )—(মঃ) সংসক্তি।

মনোসমীক্ষণের ( Psychoanalysis ) মতে শিশুকাল হইতেই

লিবিডো ( libido ) কামশক্তি বা কামধারণা বর্তমান থাকে ও উহার স্তরে স্তরে এক পাত্র হইতে অন্য পাত্রের দিকে ধাবিত হয়। যদি কোন কারণে কোন স্তরে কামশক্তি উচ্চতর স্তরের দিকে ধাবিত না হইয়া ঐ স্তরে নিবদ্ধ থাকে, তাহা হইলে ঐরূপ অবস্থাকে 'সংসক্তি' বলে।

Fixed idea ( ফিক্‌স্‌ড্‌ আইডিয়া )—(মঃ) বদ্ধভাব, বদ্ধমূল ধারণা।

Flagellation ( ফ্ল্যাগেলেশান্‌ )—(মঃ) আত্মনিগ্রহে কামতৃপ্তি।

Flat ( ফ্লাট )— ভোঁতা।

Flat affects ( ফ্লাট এফেক্টস )—(মঃ) ভাবাবেগশূন্য।

Flavour ( ফ্লেভার )— গন্ধ।

Flexibilities cerea ( ফ্লেক্‌সিবিলিটিস্‌ সিরিয়া )—যেমন-তেমন অবস্থান।

মৃগী বা অনুরূপ রোগে বেহুঁস রোগীকে কোন বিশেষ অবস্থানে রাখিয়া দিলে রোগী সেই অবস্থানে বহুক্ষণ থাকিতে পারে। রোগীর এই অবস্থানকে এইরূপ নাম দেওয়া হইয়াছে।

Flexibility ( ফ্লেক্‌সিবিলিটি )—নমনীয়তা।

Flexure (ফ্লেক্‌সার )—বাঁকন।

—muscle ( —মাস্‌ল্‌ )—বাঁকনপেশী।

Flowery ( ফ্লায়োরী )—পুষ্পিত।

Fluctuation ( ফ্লাক্‌টুয়েশান )—হ্রাস-বৃদ্ধি।

—of attention ( – অব এটেন্‌শান্‌ )—(মঃ) মনোযোগের হ্রাস-বৃদ্ধি, চিত্তবিক্ষেপ।

Formal ( ফরম্যাল )—আকার-গত।

—discipline ( — ডিস্‌সিপ্‌লিন )—আকার-গত শিক্ষা।

— cause (— কজ )—(যুঃ) আকার-গত কারণ।

আরিসতোতলের ( Aristotle ) মতে কারণের চারিটি অংশ। এই চারিটি অংশের মধ্যে দ্বিতীয় অংশ হইল আকারগত কারণ। কার্য সংগঠনের সময় উপাদান বা বস্তুর মধ্যে পরিবর্তন ঘটাইয়া বস্তুর যে আকার ধারণ করান হয়, তাহাই হইল আকারগত কারণ। Finalc ause দ্রষ্টব্য।

— implication —( ফরম্যাল ইমপ্লিকেশান )—(যুঃ) আকারগত অনুমান।

—Logic —(ফরম্যাল লজিক)—(যুঃ) আকারগত যুক্তিবিদ্যা, অবরোহ যুক্তিবিদ্যা।

আকারগত বা অবরোহ যুক্তিবিদ্যায় হেতুবাক্যের সত্যাসত্য পরীক্ষা করা হয় না। হেতুবাক্যকে সত্য বলিয়া ধরিয়া লওয়া হয়। ইহার কাজ হইল হেতুবাক্য হইতে যৌক্তিক নিয়মে কোন সিদ্ধান্ত বা অনুমান নির্গত হয় কিনা তাহাই দেখা। অপরপক্ষে বস্তুগত ( Material ) বা আরোহ ( Inductive ) যুক্তিবিদ্যায় বাস্তব ঘটনাবলীর উপর নির্ভর করিয়া অনুমান বা সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

– truth —( ফরম্যাল ট্রুথ্ )—(যুঃ) আকারগত সত্য।

Formalism ( ফরম্যালিজম্ )—(নীঃ) আকারবাদ, বৈধিকতা, রীতিপ্রাধান্যবাদ।

নীতিবিদ্যায় কান্টের ( Kant ) নৈতিক আদর্শকে আকারবাদ বলা হয়। কান্টের মতে মানুষের উচিত বিশুদ্ধ চিন্তার জীবন-যাপন করা—এই নৈতিক নিয়মকে তিনি 'শর্তহীন আদেশ' আখ্যা দিয়াছেন।

—Mathematical —( ফরম্যালিজম ম্যাথেমেটিক্যাল )—গাণিতিক আকারবাদ।

Formalists ( ফরম্যালিস্টস্ ) —আকারবাদী, আকারপন্থী।

Formalization ( ফরম্যালাইজেশান্ )—আকারগত করণ।

Formally ( ফরম্যালি )—আকারগত ভাবে।

Form-board ( ফর্ম বোর্ড )—আকার-পট।

Form-board test ( ফর্ম বোর্ড টেস্ট )—(মঃ) আকারপট-পরখ, আকৃতিপট-পরখ।

ইহা বুদ্ধি পরিমাপ করার এক প্রকার পদ্ধতি। ইহাতে সম্পাদিত কার্যের মাধ্যমে বুদ্ধির পরিমাপ করা হয়।

Formes ( ফর্মিস্ )—আকার।

Formication ( ফর্মিকেশান্ ) —ব্যাপ্ত স্পর্শ।

Formula ( ফরমূলা ) — সূত্র।

Fortuitous ( ফরটিউয়িটাস্ ) —দৈব, আকস্মিক।

Forward reference ( ফরওয়ার্ড রেফারেন্‌স্‌ ) —অগ্রবর্তী সম্বন্ধ।

Foucault's experiment ( ফকাল্ট্‌স্‌ এক্স্‌পেরিমেন্ট ) —( মঃ ) —ফকাল্টের পরীক্ষা।

Founded ( ফাউন্‌ডেড ) —আগত, স্থাপিত।

Four Elements ( ফোর এলিমেন্ট্‌স্‌ ) —চতুঃসত্তা।

অগ্নি, মাটি, পানি ও বায়ু এই চারিটিকে অনেক প্রাচীন গ্রীক ও হিন্দু দার্শনিক চারিটি মূল সত্তা বলিয়া মনে করিতেন।

Fourth ( ফোর্থ ) —চতুর্থ।

Fovea ( ফোভিয়া ) —সূক্ষ্মতম দৃষ্টিবিন্দু।

চক্ষুর পটের যে অংশ বা বিন্দুতে দৃষ্টি সর্বাপেক্ষা অধিক প্রখর বা সূক্ষ্ম হয়, সেই বিন্দুকে সূক্ষ্মতম দৃষ্টিবিন্দু বলা হয়।

Fragrant ( ফ্রাগ্রান্ট ) —গন্ধ, সুগন্ধ।

Fraternal twins ( ফ্রাটারনাল টুইন্‌স্‌ ) —ভ্রাতৃযমজ।

দুইটি সন্তানের একই গর্ভে জন্ম হইলে তাহাদিগকে **যমজ** বলা হয়। দুইটি যমজ সর্ব দিক হইতে অভিন্ন হইলে তাহাদিগকে অভিন্ন যমজ (Identical twins) বলা হয়। আর তাহাছাড়া যদি সর্ব দিক হইতে অভিন্ন বলা হয় তাহা হইলে তাহাদিগকে অভিন্ন যমজ বলা হয়।

Frame of reference ( ফ্রেম অব রেফারেন্স ) —অনুষঙ্গীবর্গ।

Freedom ( ফ্রিডম ) —স্বাধীনতা।

—, Sense of ( সেন্স অব ফ্রিডম ) —স্বাধীনতার অনুভূতি।

Free association ( ফ্রি এসোসিয়েশান ) —( মঃ ) অবাধ অনুষঙ্গ, অবাধ ভাবানুষঙ্গ।

——of ideas ( ফ্রি এসোসিয়েশান অব আইডিয়াজ ) — ( মঃ ) অবাধ ভাবানুষঙ্গ।

Free association method (———মেথড) অবাধ ভাবানুষঙ্গ পদ্ধতি।

Free will (ফ্রি উইল) (দঃ নীঃ) ইচ্ছাস্বাতন্ত্র্য, স্বাধীন ইচ্ছা, অনিয়ন্ত্রিত ইচ্ছা।

মানুষ বুদ্ধিবৃত্তি সম্পন্ন জীব ; অতএব তাহার স্বাধীন ইচ্ছা আছে, এই মতবাদ।

Free idea ( ফ্রি আইডিয়া ) ( মঃ ) মুক্তভাব।

Frequency (ফ্রিকুয়েন্সি ) — পৌনপুনিকতা ; পৌনঃপুন্য।

Frequency distribution ( ফ্রিকুয়েন্সি ডিসট্রিবিউশান্ ) —পৌনপুনঃ বণ্টন।

Frigidity ( ফ্রিগিডিটি )— ( মঃ ) যৌন জাড্য, যৌনবোধরহিত।

Fringe-Psychology ( ফ্রিন্‌জ-সাইকেলেজি )— ( মঃ ) মানসিক প্রান্ত।

Fringe of Consciousness (ফ্রিন্‌জ অব কন্‌শাসনেস)—( মঃ)চেতনার প্রান্ত।

Frontal lobe— ( ফ্রনট্যাল লোব ) ( মঃ ) ললাটাঞ্চল ( মস্তিষ্কের )।

গুরু মস্তিষ্কের সম্মুখের অংশকে ললাটাঞ্চল বলা হয়।

Frui ( ফ্রুই )— উপভোগ করা ( St. Augustineএর দর্শনে )।

Fruity ( ফ্রুইটি )— ফল ( বিশেষণ হিসাবে ব্যবহৃত হইবে ) ; গন্ধের এক প্রকার শ্রেণীবিশেষ।

Fugue ( ফুগ )— আত্মবিস্মরণ কাল।

Frustration ( ফ্রাসট্রেশান্ )— ( মঃ ) পরাভব, ব্যর্থ-ভাব।

Fulfilment ( ফুলফিলমেণ্ট )— সিদ্ধি।

Fullerton-cattel law (ফুলারটন-ক্যাটেল ল) (মঃ) ফুলারটন ক্যাটেলের নিয়ম।

সংবেদনের নিয়ম বিশেষ।

Fulguration ( ফুলগারেশান ) —তড়িৎ-দীপ্তি ( মনের )।

Function ( ফাংশান্ ) —ক্রিয়া।

Functional Calculus ফাংশানাল-ক্যালকুলাস —ক্রিয়াজ গণনা প্রণালী।

— Correlation ( ফাংশানাল করিলেশান্ ) —ক্রিয়াজ-সহসম্বন্ধ।

—dependence ( ফাংশানাল ডিপেন্‌ডেন্স্ ) —ক্রিয়াজ নির্ভরশীলতা।

—disorders ( ফাংশানাল ডিজর্ডার্স্ ) — ( মঃ ) আচরণবৈকল্য, ক্রিয়া-বৈকল্য।

ক্রিয়াবাদী মনোবিদ্যা মনের সত্তা বা গঠন সম্বন্ধে আলোচনা না করিয়া ইহার ক্রিয়া সম্বন্ধে আলোচনা করে। ক্রিয়াবাদী

মনোবিদ্যা জীববিদ্যাকে মনোবিদ্যার ভিত্তি হিসাবে গ্রহণ করিয়াছে। সাম্প্রতিক কালে আমেরিকার উইলিয়াম জেম্‌স্‌ ও জন ডিউই ক্রিয়াবাদী মনোবিদ্যার প্রধান সমর্থক।

—Psychology ( ফাংশানাল সাইকলজী )-( মঃ ) ক্রিয়াবাদী মনোবিদ্যা, — মনোবিজ্ঞান।

—selection ( ফাংশানাল সিলেক্‌শান্‌ ) — ( মঃ ) ক্রিয়াজ নির্বাচন।

—theory of mind ( ফাংশানাল থিওরী অব মাইণ্ড্‌ ) —মনের ক্রিয়াশীল মতবাদ।

Functionalism ( ফাংশনালিজ্‌ম্‌ ) — ক্রিয়াবাদ।

Functor ( ফাংটর ) — ক্রিয়া প্রতীক।

কারনেপের (Carnap )ব্যবহৃত শব্দ।

Fundamectal ( ফানডামেণ্টাল )— মূল।

—tone ( —টোন ) –( মঃ ) মূলস্বর।

—Formula ( — ফরমিউলা )— মূল সূত্র।

Fundaments ( ফানডামেণ্ট্‌স্‌ ) — উপাদানসমূহ।

Fundamentum divisionis ( ফান্‌ডামেণ্টাম ডিভিশানিজ ) — ( যুঃ ) বিভাজন-ভিত্তি।

ইহা যৌক্তিক বিভাগের একটি বিশেষ নিয়ম যে বিভাজন-ভিত্তি একাধিক হইতে পারিবে না। প্রত্যেক বিভাজন-ক্রিয়ার একটি মাত্র ভিত্তি থাকিবে। একাধিক বিভাজন-ভিত্তি থাকিলে বিভাগ দোষে দুষ্ট হইবে।

Fundamentum relationis ( ফান্‌ডামেণ্টাম রিলেশানিজ ) — ( যুঃ ) সম্বন্ধ-ভিত্তি।

Fusion, Psychic ( ফিউশান সাইকিক )- (মঃ ) মানসিক একীভবন।

Fususul Hikam ( ফুসুসুল হিকাম ) — ফুসুসুল হিকাম।

সূফী সাধক ইবনুল আরাবী কর্তৃক লিখিত একখানি সূফী-তত্ত্ববিষয়ক গ্রন্থ। এই গ্রন্থে ২৭টি অধ্যায় রহিয়াছে, ইহার

প্রত্যেক অধ্যায়ে সূফীতত্ত্বের এক একটি বিশেষ তত্ত্ব আলোচনা করা হইয়াছে।

Ibnul Arabi দ্রষ্টব্য।

**Futuhatul Makkiya** ( ফুতুহাতুল মাক্‌কিয়া ) — ফুতুহাতুল মাক্‌কিয়া।

ইবনুল আরাবী কর্তৃক লিখিত একখানি সূফী-দর্শন সম্পর্কিত গ্রন্থ। ফুতুহাতুল মাক্‌কিয়া-র অর্থ মক্কার প্রত্যাদেশ।

Ibnul Arabi দ্রষ্টব্য।

**Future** ( ফিউচার ) — ভবিষ্যৎ।

**Futurism** ( ফিউচারিজ্‌ম্‌ ) — ভবিষ্যৎ ইঙ্গিতবাদ, ব্যঞ্জনাবাদ।

**Fuoor** ( ফুওর ) — আক্রোশ।

**Fuzayl-ibn Iyaz** ( ফুযায়ল-ইবন্‌ ইয়ায্‌ ) — ফুযায়ল ইবন্‌ ইয়ায।

ফুযায়ল ইবন্‌ ইয়ায খৃষ্টীয় অষ্টম শতাব্দীর একজন বিখ্যাত সূফী সাধক। তিনি মার্ভের (Merve) অধিবাসী ছিলেন এবং আনুমানিক ৮০৩ খৃঃ ইন্তেকাল করেন। তিনি বলিতেন, "আমি আল্লাহকে ভালবাসি বলিয়া তাঁহার উপাসনা করি", "নির্জনতাই নিরাপদ", "যে আল্লাহকে ভয় করে, সকলেই তাহাকে ভয় করে।"

## G

**Gabriel ( Jibril)**-(গ্যাবরিয়েল ; জিবরিল )— জিবরিল বা জিবরাইল ফিরিসতা।

**Galelian figure** ( গ্যালেলিয়্যান ফিগার ) — ( যুঃ ) গ্যালেলিনের আকার।

সহানুমানের ( Syllogism) চতুর্থ আকার ( Fourth Figure) গ্যালেলিনের আবিষ্কার বলিয়া ইহাকে গ্যালেলিনের আকার বলা হয়।

**Galenic** ( গ্যালেনিক ) — গ্যালেলিনের মতবাদ সম্বন্ধীয়।

**Galton bar** ( গ্যালটন বার ) — গ্যালটনের দণ্ড ; দুইটি রেখাকে সদৃশ-করণের যন্ত্রবিশেষ।

**Galton's law** ( গ্যালটন্‌স্‌ ল ) — ( মঃ ) গ্যালটনের নিয়ম ; বংশানুক্রমের নিয়মবিশেষ।

পূর্বপুরুষ হইতে বংশানুক্রমিক গুণের উত্তরাধিকার সম্বন্ধে গ্যালটন এইরূপ নিয়ম দিয়াছেন : একজন বিশেষ ব্যক্তি তাহার

পিতা-মাতা হইতে পায় $\frac{1}{2}$, তাহাদের পিতা-মাতা হইতে $\frac{1}{4}$, তাহাদের পিতা-মাতা হইতে $\frac{1}{8}$, এইরূপভাবে সর্ব উর্দ্ধতন পুরুষ পর্যন্ত চলিতে থাকে।

Galton whistle ( গ্যালটন হুইস্‌ল্ ) — গ্যালটনের বাঁশী, শ্রবণশক্তির উচ্চতম সীমা নির্ণয়ের যন্ত্রবিশেষ।

Galvanic ( গ্যালভ্যানিক ) — বিদ্যুৎপ্রবাহ সম্বন্ধীয়।

— skin response ( — স্কিন রেস্‌পন্স ) — ত্বকের বিদ্যুৎপ্রবাহ-প্রতিক্রিয়া।

Galvanometer ( গ্যাল্‌ভানোমিটার ) — ( মঃ ) বিদ্যুৎপরিমাপক।

Gamete ( গ্যামিটি ) — পুষ্টকোষ, পুষ্টপ্রজননকোষ।

Gang ( গ্যাং ) — দল।

Ganglion ( গ্যাংলিয়ন ) — স্নায়ুগ্রন্থি।

Gautam Buddha ( গৌতম বুদ্ধ ) — বুদ্ধদেব, বৌদ্ধধর্মের প্রতিষ্ঠাতা।

Gegentands theorie ( গেগেন্‌ট্যাণ্ডস্ থিওরি ) — ( দঃ ) বস্তুসম্পর্কীয় মতবাদ ( জার্মান শব্দ )।

Geist ( জীইস্ট ) — প্রাণসঞ্চয়ী গুণ ( বস্তুর )।

Gemmation ( জেমেশান ) — অযৌন জন্ম ; অঙ্কুরোদ্‌গম।

Genes ( জীনস্ ) — জীনস্।

জীবের প্রাণকোষের মধ্যে কতকগুলি করিয়া ক্রোমোজম্ থাকে। এই ক্রোমোজমগুলির মধ্যে নানা আকারের অতি ক্ষুদ্র সুতার টুকরার মত পদার্থ থাকে। ইহাদের নাম দেওয়া হইয়াছে জীন্।

Geneology ( জিনিওলজী ) — বংশবৃত্তান্ত কুলুজী।

Genera ( জেনেরা ) — জাতিসমূহ।

Geners দ্রষ্টব্য।

General ( জেনারেল ) — সাধারণ, সার্বিক।

—ability ( জেনারেল এ্যাবিলিটি ) — ( মঃ) সাধারণ সামর্থ্য।

স্পিয়ারম্যানের মতে প্রত্যেক রকমের বুদ্ধিপ্রসূত কার্যের মধ্যে বুদ্ধির যে অংশ ক্রিয়াশীল তাহাই বুদ্ধির সাধারণ সামর্থ্য। তাঁহার মতে বুদ্ধির অন্য অংশ হইল বিশেষ সামর্থ্য ( Special ability )।

বুদ্ধির এই সামর্থ প্রত্যেক রকমের বুদ্ধিমূলক কার্যের জন্য বিভিন্ন।

— **consciousness** ( জেনারেল কন্‌শাস্‌নেস্‌ ) — সাধারণ চেতনা।

— **form of Value** ( — ফর্‌ম্‌ অব ভ্যালু ) — মূল্যের সাধারণ রূপ।

— **idea** ( — আইডিয়া ) — সাধারণ ধারণা, সাধারণ ভাব।

— **name** ( — নেম্‌ ) — সাধারণ নাম।

— **norms** ( — নরম্‌স্‌ ) — আদর্শ, — মাত্রা।

— **paralysis** ( — প্যার‍্যালিসিস ) — পক্ষাঘাত।

— **proposition** ( জেনার‍্যাল প্রপোজিশান ) (যুঃ) সার্বিক বাক্য।

যে সকল বাক্য সমগ্র উদ্দেশ্য সম্পর্কে ( অর্থাৎ উদ্দেশ্যের পূর্ণ ব্যঞ্জ্যর্থ সম্পর্কে ) কিছু বলা হয় তাহাদিগকে সার্বিক বাক্য ( General proposition ) বলে ; যেমন : সকল মানুষ মরণশীল, কোন মানুষ অমর নয়। General propositionএর বিপরীত হইল Particular proposition ( বিশেষ বাক্য )। বিশেষ বাক্যের বিধেয়ে উদ্দেশ্যের কোন অনির্দিষ্ট অংশ ( আংশিক ব্যক্ত্যর্থ ) সম্পর্কে কিছু বলা হয় ; যেমন : কতক মানুষ স্বদেশপ্রেমিক ; কোনও কোনও মানুষ স্বার্থপর নয়।

— **Psychology** ( — সাইকোলজি ) সাধারণ মনোবিদ্যা।

সাধারণ মনোবিদ্যা কথাটি দুইটি অর্থে ব্যবহৃত হয়। প্রথম অর্থে ইহা স্বভাবী বয়ঃপ্রাপ্ত লোকের মানসিক ক্রিয়াদির বিজ্ঞান। দ্বিতীয় অর্থে ইহা সকল প্রকার মানসিক ক্রিয়াদির বিজ্ঞান। এই ক্রিয়াদি স্বভাবী বা অস্বভাবী, ইতর প্রাণী বা মানুষ সকলেরই হইতে পারে।

— **term** ( — টার্ম ) (যুঃ) সাধারণ পদ, সার্বিক পদ।

যে পদ একই অর্থে অনির্দিষ্ট সংখ্যক বস্তুর প্রত্যেকটিকে বুঝায় তাহাকে সাধারণ পদ বলে। যেমন—মানুষ ইত্যাদি। কারণ—মানুষ বলিতে হাসান, নাসিম প্রভৃতি অনির্দিষ্ট সংখ্যক মানুষকে বুঝা যায়।

— **will** ( — উইল ) সাধারণ ইচ্ছা।

Generalisation ( জেনার‍্যালাইজেশান্ ) সার্বিককরণ, ব্যাপক প্রয়োগ।

Generalise ( জেনার‍্যালাইজ্ ) সার্বিককরণ।

Generality ( জেনার‍্যালিটি ) সার্বিকতা।

Generation ( জেনারেশান ) (১) উৎপাদন, প্রজনন ( ২ ) পুরুষ, বংশের স্তর।

Generative theory ( জেনারেটিভ থিওরী ) উৎপাদনক্ষম মতবাদ।

—of Data ( — অব ড্যাটা ) উপাত্তের উৎপাদনক্ষম মতবাদ।

Generic ( জিনেরিক ) জাতিগত।

—image ( — ইমেজ্ ) জাতিগত প্রতিচ্ছবি।

Genesis ( জিনেসিস্ ) — উৎপত্তি, সৃষ্টি, বিবর্তন।

Genetic ( জিনেটিক ) —উৎপত্তি বিষয়ক, বিবর্তন বিষয়ক।

—fallacy ( —ফ্যালাসী ) উৎপত্তিগত যুক্তিদোষ, বিকশনী দোষ, বিবর্তন দোষ।

— Method ( — মেথড্ )—বিকাশনী পদ্ধতি, বিবর্তন পদ্ধতি।

—Psychology ( — সাইকোলজি )—(মঃ) বিকাশনী মনোবিদ্যা।

Genitals ( জিনিটাল্স্ ) —যৌন অঙ্গ।

Genital character ( — ক্যারাক্টার )—যোনিজধর্ম।

Genius ( জিনিয়াস্ )—(মঃ) প্রতিভাবান।

বুদ্ধি মাত্রার ( I.Q. ) পরিমাপ অনুসারে যাহার বুদ্ধিমাত্রা ১৪০ হইতে ১৬০ তাহাকে জিনিয়াস বলে।

Geometry ( জিওমেট্রি )—জ্যামিতি।

Geometrical illusion ( জিওমেট্রিক্যাল ইল্যুশান্ ) —জ্যামিতিক বিভ্রান্তি।

— optical illusion ( — অপটিক্যাল — ) —জ্যামিতিক দর্শনভ্রম।

Genres ( জেন্‌রিস্ ) – বিভিন্ন শাখাযুক্ত কলাসমূহ।

Gentile, Geovanni ( জেন্টাইল, জিওভানি ) —জিওভানী জেন্টাইল।

জিওভানী জেন্টাইল ঊনবিংশ শতাব্দীর একজন শক্তিশালী দার্শনিক। তিনি ইতালীর অধিবাসী ছিলেন। প্রথম জীবনে তিনি দর্শনের অধ্যাপনা ও পরবর্তী জীবনে সক্রিয়ভাবে রাজনীতি করেন।

Genus ( জীন্যাস ) — জাতি।

কয়েকটি শ্রেণীর মধ্যে যদি এইরূপ সম্বন্ধ বর্তমান থাকে যে,

ইহাদের একটি অপরগুলিকে অন্তর্ভুক্ত করে তাহা হইলে অন্তর্ভুক্ত বিভিন্ন শ্রেণীগুলিকে উপজাতি ( Species ) ও অন্তর্ভুক্তকারী শ্রেণীকে জাতি বলা হয়। যেমনঃ মানুষ, ঘোড়া, গরু এই শ্রেণীগুলি প্রাণী শ্রেণীর অন্তর্ভুক্ত। এই দৃষ্টান্তে প্রাণী হইল জাতি ও মানুষ, ঘোড়া, গরু প্রভৃতি উপজাতি।

Genus, summum ( জীন্যাস, সাম্যাম )—পরতম জাতি, বৃহত্তম জাতি।

যে জাতি বা শ্রেণীকে অন্য বৃহত্তর জাতি বা শ্রেণীর অন্তর্ভুক্ত করা যায় না তাহাকে পরতম জাতি বলে।

Geocentric theory ( জিওসেন্ট্রিক থিওরী )—ভূকেন্দ্রিক মতবাদ।

Germ ( জার্ম ) —বীজ।

Gestalt ( গেস্‌টল্‌ট )—(মঃ) গেস্‌টল্‌ট, গেসতাল, সমগ্রবস্তু, গোটাবস্তু।

ইহা মন সম্পর্কে একপ্রকার মতবাদ। এই মতবাদ অনুসারে আমাদের মানসবৃত্তিগুলি পৃথক সত্তা ও অনুষঙ্গের ফল নয়, ইহারা এক একটি সমগ্র বা গোটা বস্তু। তথাকথিত পৃথক মানস উপাদান-গুলি কাল্পনিক, উহাদের কোন বাস্তব অস্তিত্ব নাই।

Gestalt Psychology ( গেসটল্‌ট সাইকোলজি )—গেস্‌তালীয় মনোবিদ্যা।

— Theory ( — থিওরী )—গেস্‌তালীয় মতবাদ।

Ghaib ( Ghaiyb, গায়ব্‌ )—( আরবী ) অদৃশ্য।

Ghaleb ( গালেব )—গালেব।

ঊনবিংশ শতাব্দীর একজন শক্তিশালী উর্দু কবি। তাঁহার রচনায় দর্শন ও মনস্তত্ত্বের আভাস পাওয়া যায়।

Ghayr Mukallid ( গায়র মুকাল্লিদ )—( আরবী ) গায়র মুকাল্লিদ।

সুন্নী মুসলমানদের সম্প্রদায়বিশেষ। গায়র মুকাল্লিদগণ কোন ইমামকে পুরাপুরিভাবে অনুসরণ করেন না।

Ghazali ( গাযালী )—গাযালী, ইমাম গাযালী, আল-গাযালী।

Al-Ghazali দ্রষ্টব্য।

Given, the ( গিভেন, দি )—(যুঃ দঃ) দেওয়া সত্য, হেতুবাক্য।

Gland ( গ্ল্যাণ্ড্‌ )—গ্রন্থি।

Glandular ( গ্ল্যান্ডুলার। —গ্রন্থীয়, গ্রন্থি সম্বন্ধীয়।

— Respnse ( — রেস্পন্স্ )— (মঃ ) গ্রন্থি-প্রতিক্রিয়া।

Glossolalia ( গ্লসোলালিয়া ) — (মঃ ) বানানো বুলি।

Glosso Synthesis ( গ্লসো সিনথিসিস্) অসংলগ্ন শব্দ যোজনা, শাব্দিক প্রলাপ।

Gnosiology ( নসিওলজি ) গুঢ়তত্ত্ববিজ্ঞান

Gnasis ( নসিস )— গূঢ়তত্ত্বজ্ঞান।

Goal ( গোল )— লক্ষ্য।

— orientation ( — ওরিয়েন্টেশান )—(মঃ ) লক্ষ্যের দিকে ফিরান।

God ( গড ) -- আল্লাহ্, ঈশ্বর।

God head ( গড্ হেড্ )—দেবতা, ঐশ্বরিক ভাব।

Gonads ( গোনাড্স্ )—যৌনগ্রন্থি ; অণ্ডকোষ বা ডিম্বকোষ।

Good ( গুড )—( নীঃ ) শুভ, মঙ্গল, নৈতিক দিক হইতে প্রশংসনীয়।

Goodness ( গুডনেস্ ) —শুভভাব।

Gothic ( গথিক ) —গথীয়, গথিক।

Government ( গভর্ণমেন্ট ) সরকার, রাষ্ট্রপরিচালনের সংস্থা।

Graduated scale ( গ্রাডিউয়েটেড স্কেল ) —অংশিত মানদণ্ড।

Graphic ( গ্রাফিক ) —লৈখিক, চিত্র-সম্বন্ধীয়।

Graphology ( গ্রাফোলজি ) (মঃ ) লৈখিক মনোবিদ্যা।
হাতের লেখা হইতে ব্যক্তিত্ব বিচারের পদ্ধতি।

Graphic rating scale ( গ্রাফিক রেটিং স্কেল ) ( মঃ ) লৈখিকমান নির্ধারক।

Graphomania ( গ্রাফোম্যানিয়া ) ( মঃ ) লিখা বাতিক।

Grasping reflex ( গ্রাসপিং রিফ্লেক্স্ ) ( মঃ ) অঙ্গুলী অনুবর্ত।
ছোট শিশুরা তাহাদের হাতের মধ্যে কোন পদার্থ পাইলে তাহা আঁকড়াইয়া ধরে। ইহা তাহাদের ইচ্ছাকৃত নহে। ইহা তাহাদের অনুবর্ত বিশেষ।

Graphopathology ( গ্রাফো প্যাথোলজি ) (মঃ ) হস্তাক্ষরের পরিবর্তন হইতে মানসিক ব্যধি ও ইহার কারণ নির্ণয়ের পদ্ধতি।

Gaphokinasthetic ( গ্রাফোকাইনেস্থেটিক্ ) (মঃ) লেখার সময়ে পেশীর যে

চালনা হয় সেই সম্বন্ধীয়।

Greatest happiness ( গ্রেটেস্ট হ্যাপিনেস ) ( নীঃ) সর্বোচ্চ সুখ, সর্বোচ্চ আনন্দ।

Gregariousness ( গ্রেগোরিয়াসনেস্ ) ( মঃ ) যৌথবৃত্তি, যূথচারিতা। মানুষ সহ সকল প্রকার প্রাণীর এক প্রকারের সহজাত প্রবৃত্তি।

Grey ( গ্রে ) ধূসর রং।

Grotesque ( গ্রোটেস্ক ) অদ্ভুত, অসম্ভব।

Group ( গ্রুপ ) দল, পুঞ্জ।

— behaviour ( বিহেভিয়ার ) ( মঃ ) দলগত ব্যবহার।

—test ( — টেষ্ট )— (মঃ) দলগত পরখ।

যে মানসিক বা কৃতিপরখ একাধিক লোককে দলগত ভাবে দেওয়া যাইতে পারে তাহাকে দলগত পরখ বলে। দলগত পরখ বুদ্ধি বা অন্য মানসিক বৃত্তির পরখ বা কৃতিপরখ হইতে পারে।

Growth Curve ( গ্রোথ্ কার্ভ )—(মঃ) বৃদ্ধির রেখাচিত্র।

Guidance ( গাইড্যান্স ) পরিচালন, উপদেশ।

Guilt ( গিল্ট ) অপরাধ।

Gustation ( গাস্টেশান্ ) ( মঃ ) স্বাদ-ইন্দ্রিয়, স্বাদ-যন্ত্র।

Gustatory ( গাস্টাটোরী ) স্বাদ সম্বন্ধীয়।

— sensation ( — সেন্সেশান্ ) ( মঃ ) স্বাদ সংবেদন। মিষ্ট, টক, লবণ, ঝাল প্রভৃতি স্বাদের অনুভূতি।

Guttural ( গাটার‍্যাল ) কণ্ঠ, কণ্ঠসম্বন্ধীয়।

Gutturophonia ( গাটারোফোনিয়া ) কণ্ঠী আওয়াজ, ঘড়ঘড়ে আওয়াজ।

Gynandromorphism ( গাইনাণ্ড্রোমোরফিজম্ ) ( মঃ ) উভ-লিঙ্গতা।

Gynandry ( গাইনাণ্ড্রী ) ( নারীর ) পুরুষালী দেহ।

Gynophobia ( গাইনোফোবিয়া ) মঃ নারীভীতি।

Gynophore ( গাইনোফোর ) স্ত্রী-বহ।

Gyrus ( গাইরাস ) মস্তিস্কের ভাঁজ।

## H

Haab's pupil reflex ( হাব্‌স পিউপিল রিফ্লেক্‌স ) — ( মঃ ) হাব্‌এর অক্ষি-গোলক প্রতিবর্ত।

কোন অন্ধকার ঘরে কোন উজ্জ্বল বস্তুর দিকে দৃষ্টিপাত করিলে চক্ষুর দুইটি গোলকই সমানভাবে সংকুচিত হয়। ইহাকে হাবের অক্ষি-গোলক প্রতিবর্ত বলা হইয়া থাকে।

Habit ( হ্যাবিট ) — ( মঃ ) অভ্যাস।

যে ক্রিয়া প্রথমে ঐচ্ছিক ভাবে পুনরাবৃত্তি করার ফলে অনৈচ্ছিক বা স্বতঃবৃত্ত হইয়া দাঁড়ায়, তাহাকে অভ্যাস বলে।

Habitat ( হ্যাবিটাট ) — আবাস, অবস্থান ( জীব বা উদ্ভিদের )।

Habit-memory ( — হ্যাবিট্‌ মেমোরী ) — অভ্যাস-স্মৃতি।

Hadith ( হাদীস, হাদীথ ) — হাদীস ; রাসুলুল্লাহ্‌র বাণী, কর্ম ও অনুমোদ-নের সমষ্টি।

Hadd ( হাদ্দ ) — ( আরবী ) — সীমা, নির্দ্ধারিত ভালো মন্দ।

Haecceity ( হেইসীটি ) — বিশেষত্ব।

Haemorrhage ( হিমোরেজ ) — রক্তপাত।

Hafiz ( হাফিজ ) — (১) হাফেজ ; যাঁহার সম্পূর্ণ কুরআন শরীফ মুখস্ত আছে, এইরূপ ব্যক্তি।

(২) পারস্য দেশের একজন প্রসিদ্ধ সূফী কবি।

Hair Aesthesiometer ( হেয়ার ইস্‌থেসিওমিটার ) — কেশ-অনুভূতি পরি-মাপক।

ত্বকের স্পর্শবিন্দু নির্ণয় করার যন্ত্রবিশেষ। মনোবিজ্ঞানী ফ্রে (Frey) ইহা আবিষ্কার করেন।

Hair Cells ( হেয়ার সেল্‌স ) — কেশকোষ।

Haiy-ibn-Yaqzan ( হাই-ইব্‌ন-য়াকযান ) —হাই-ইব্‌ন-য়াক্‌যান ; জাগ্রতের পুত্র জীবিত।

ইহা স্পেনের মুসলিম দার্শনিক ইব্‌ন তুফায়্‌ল কর্তৃক লিখিত একখানি দর্শন পুস্তক। ইহাকে দেখানো হইয়াছে যে মানবশিশু

সমাজ ও ধর্মের প্রভাব ছাড়াও স্বাভাবিক বুদ্ধির ফলে আল্লাহ্‌র অস্তিত্ব সম্বন্ধে জ্ঞানলাভ করিতে পারে।

**Hajj** ( হাজ্‌জ ) — হাজ্‌জ, তীর্থে গমন।

ইসলাম ধর্মের মূল পাঁচটি ধর্মীয় স্তম্ভের মধ্যে হাজজ একটি স্তম্ভ। জিলহাজ মাসের ৯ তারিখে মক্কায় কাবা ঘর প্রদক্ষিণ করিয়া ও অন্যান্য আনুষঙ্গিক কার্যের দ্বারা হাজ্‌জ সমাধা করা হয়। ইসলামের অন্যান্য ধর্মীয় স্তম্ভগুলি হইল: কালেমা, নামাজ, রোজা ও যাকাত।

**Hal** ( হাল ) — ( আরবী ) হাল, অবস্থা।

সূফী পরিভাষায় সাধনার স্তরে স্তরে সূফীর মানসিক অবস্থার যে পরিবর্তন হয় তাহাকে 'হাল' বলে।

**Halal** ( হালাল ) — ( আরবী ) — আইনসঙ্গত, ন্যায়সঙ্গত।

ইসলামী ব্যবহারিক আইনশাস্ত্রের পরিভাষায় যে সকল কাজ ন্যায়সঙ্গত, যে সকল খাদ্য আহার করার উপযুক্ত, তাহাদিগকে 'হালাল' বলা হয়। হালালের বিপরীত হারাম (Haram) অর্থাৎ নিষিদ্ধ।

**Hallaj** ( হাল্‌লাজ্‌ ) — হাল্‌লাজ; হুসায়ন বিন মনসূর আল-হাল্‌লাজ।

হুসায়ন বিন মনসূর আল্‌-হাল্‌লাজ হিজরী চতুর্থ শতাব্দীর একজন প্রসিদ্ধ সূফী সাধক ছিলেন। তাঁহার মতে মানুষ প্রকৃতভাবে ঐশ্বরিক গুণসম্পন্ন। ভাবাবেশে এক সময় তিনি 'আনাল হাক্‌' ( আমিই সত্য ) এইরূপ উক্তি করেন। ইহার ফলে শরীআতপন্থীরা তাঁহাকে কাফের আখ্যা প্রদান করিয়া মৃতুদণ্ডে দণ্ডিত করেন।

**Hallucination** ( হ্যালুসিনেশান্‌ ) — বিভ্রান্তি; মায়া, অমূল ভ্রম-প্রত্যক্ষ।

ইহা একপ্রকার ভ্রম-প্রত্যক্ষ। ইহাতে প্রত্যক্ষ করার কোন বিষয়বস্তু থাকে না। বাহিরের উদ্দীপক ছাড়াই ইহা প্রত্যক্ষ হয়। ইহা একপ্রকারের মনের ভ্রম। যেমন: যখন কেহ ডাকিতেছে না, তখন কেহ ডাকিতেছে বলিয়া মনে করা।

**Hallucination, Negative** ( হ্যালুসিনেশান্‌ নিগেটিভ্‌ ) — নঞর্থক বিভ্রান্তি।

Hallucinosis ( হ্যালুসিনোসিস )—( মঃ) বিভ্রান্তি-বাতিক, অমূল ভ্রম-প্রত্যক্ষ-বাতিক।

Halo effect ( হ্যালো এফেক্‌ট ) – (মঃ) প্রভাব-ফল।

কোন ব্যক্তির কোন বিশেষ বিষয়ের পরখ বা পরিমাপ করিতে যাইয়া যদি ঐ ব্যক্তির অন্য কোন গুণদ্বারা প্রভাবান্বিত হওয়া যায়, তখন এই প্রভাবকে মনোবিদ্যার পরিভাষায় প্রভাব-ফল বলা হয়। অনেক ক্ষেত্রে মানসিক পরখ এইরূপভাবে প্রভাবান্বিত হইয়া থাকে।

Hanafi ( হানাফী )—হানাফী।

মুসলিম ব্যবহারিক আইন শাস্ত্রে ( ফিক্‌হ ) ইমাম আবু হানিফার অনুসারী। Abu Hanifa দ্রষ্টব্য।

Happiness ( হ্যাপিনেস )—( নীঃ ) আনন্দ।

Haptic ( হ্যাপটিক )—( মঃ ) স্পর্শ-সংবেদন সম্বন্ধীয়।

Haptics ( হ্যাপটিক্‌স )—( মঃ )—বিজ্ঞান।

Haptometer ( হ্যাপটোমিটার )—(মঃ)—পরিমাপক।

Haqiqat ( হাকীকাত )—( আরবী ) হাকীকাত, প্রকৃত অবস্থা।

সুফী পরিভাষায় সাধনপথে যখন সাধক ক্রমশঃ অগ্রসর হইতে থাকেন, তখন বস্তুজগৎ ও জীবজগতের প্রকৃত অবস্থা তাঁহার নিকট প্রতিভাত হইয়া উঠে।

Haqq ( হাক্‌ক্‌ )—( আরবী ) হাক্‌ক্‌, সত্য, প্রকৃত সত্য। আল্লাহ্‌তা'লা।

Haram ( হারাম )—( আরবী ) (১) নিষিদ্ধ, (২) পবিত্র।

(১) ইসলামী ফিকহ্‌ শাস্ত্রের পরিভাষায় হারাম শব্দের অর্থ নিষিদ্ধ, আইনবিরুদ্ধ। কুরআন ও হাদীসে যে সকল কাজ করিতে বিশেষভাবে নিষেধ করা হইয়াছে তাহাই হারাম। এই অর্থে হালালের বিপরীত শব্দ হারাম।

(২) হারাম শব্দের অন্য অর্থ হইল পবিত্র, যেমন, বায়তুল হারাম—পবিত্র-গৃহ।

Harmonic ( হারমোনিক্‌ )—( মঃ ) ঐক্যতান; সুস্বরবিশিষ্ট।

—Analysis (—অ্যানালিসিস) – সুর-বিশ্লেষণ।

Harmony (হারমনি) —ঐক্য, সমতান, সুর সামঞ্জস্য।

—Pre-established (—প্রি-এসটাবলিশড্)—(দঃ) পূর্বনির্ধারিত ঐক্য।

পূর্ব-নির্ধারিত ঐক্য দেহ ও মনের কার্যাবলীর সংযোগ সম্বন্ধে দার্শনিক লাইবনিজ-এর ( Leibnitz, G. W., 1646-1716 A.D.) মতবাদ। দেহ ও মন দুইটি ভিন্ন সত্তা এবং ইহারা ভিন্ন জাতীয়। তাহা হইলে ইহাদের মধ্যে সংযোগ কিভাবে সম্ভব? লাইবনিজের পূর্ববর্তী দার্শনিকগণ (যেমন, Descartes, 1596—1650 A.D.) মনে করিতেন যখনই দেহ ও মনের মধ্যে যে রকমের সংযোগসাধনের প্রয়োজন হয় তখনই সৃষ্টিকর্তা সে রকম সংযোগসাধন করেন। কিন্তু লাইবনিজ মনে করেন, দেহ ও মনের সংযোগ পূর্ব-নির্ধারিত।

Hasan-al-Basri (হাসান আল-বাসরী)—হাসান আল বাসরী।

হাসান আল-বাসরী ইসলামের প্রাথমিক যুগের একজন বিখ্যাত পণ্ডিত ও মরমীবাদী দার্শনিক ছিলেন। তাঁহার দরবারে বিভিন্ন মতবাদের পণ্ডিতগণ সমবেত হইতেন ও ধর্মবিষয়ক নানারূপ তত্ত্ব আলোচনা করিতেন। হাসান আল-বাসরী প্রথমে হজরত আলী (রাঃ) ও পরে ইমাম হাসান (রাঃ)-এর শিষ্য ছিলেন। তিনি ১১০ হিজরীতে ইন্তেকাল করেন।

Hashish (হাশীশ)—হাশীশ্, ভাঙ্গ।

হাশীশ এক প্রকারের ঘুম পাড়ানো গাছড়া ঔষধ বিশেষ।

Hayula (হায়ুলা)—(আরবী) জড়, পদার্থ, বস্তু।

Hayuli (হায়ুলি)—(আরবী) পদার্থ।

Hayy ibn Yaqzan (হাই-ইবন্ য়াকযান) হাই ইবন-য়াকযান।

Haiy ibn Yaqzan দ্রষ্টব্য।

Hate (হেট)—(মঃ) ঘৃণা।

মনোবিদ্যার দিক হইতে ঘৃণা এক প্রকারের আবেগ (Emotion)। ইহা কোন ব্যক্তি বা বস্তুকে বিকর্ষণ করার, দূরে সরাইয়া রাখার আবেগ।

ঘৃণার বিপরীত আবেগ হইল ভালবাসা। অনেক মনোবিজ্ঞানীর (যেমন ম্যাকড্যুগাল) মতে ঘৃণা মৌলিক আবেগ নয়, ইহা একটি যৌগিক আবেগ, কয়েকটি মৌলিক আবেগের মিশ্রিত রূপ। এই মত অনুসারে ঘৃণা হইল ক্রোধ, ভয় ও বিতৃষ্ণার মিশ্রণ।

Healy Picture completion test (হীলী পিক্‌চার কম্‌প্লিশান্‌ টেস্ট)—(মঃ) হীলী ছবি সম্পূরণ পরখ।

এই পরখে একটী ছবিকে কতকগুলি চতুষ্কোণ টুকরায় কাটিয়া এই-রূপ আরও কতকগুলি কাগজের সহিত মিলাইয়া দেওয়া হয়। তখন পরখ পাত্রকে ছবির টুকরাগুলি মিলাইয়া ছবি সম্পূরণ করিতে বলা হয়।

Hearing (হিয়ারিং)—(মঃ) শ্রবণ, শ্রবণ-ইন্দ্রিয়, শব্দসংবেদন।

শ্রবণ এক প্রকারের সংবেদন (Sensation)। অন্যান্য সংবেদন হইল: স্পর্শ দর্শন, ঘ্রাণ ও স্বাদ।

—mute (—মিউট)—শ্রবনশক্তিহীন, বধির, কালা।

—Theories (—থিওরীজ)—(মঃ) শ্রবণ মতবাদ, শ্রবণ-সম্বন্ধীয় মতবাদ।

শ্রবণ বা শব্দ সংবেদনের বিভিন্ন ঘটনাবলীর ব্যাখ্যা করিতে যাইয়া যে সকল মতবাদ গড়িয়া উঠিয়াছে তাহাদিগকে একযোগে শ্রবণ মতবাদ বলা হয়। এই মতবাদগুলির মধ্যে হেল্‌মহোল্‌জ-এর প্রতিধ্বনিবাদ, বা পিয়ানো মতবাদ, রাদারফোর্ড-এর টেলিফোন মতবাদ ও ইওয়াল্‌ড-এর শব্দচিত্র (Sound Picture) মতবাদ প্রধান।

Heat (হীট)—(মঃ) উষ্ণতা, উত্তাপ বোধ।

Heat spot (হীট্‌ স্পট)—(মঃ) তাপবিন্দু।

স্পর্শ-সংবেদনের ইন্দ্রিয় হইল ত্বক বা চর্ম। চর্মের সাহায্যে আমরা চার প্রকারের স্পর্শ সংবেদন পাইয়া থাকি তাপ, শৈত্য, চাপ ও ব্যথা। কিন্তু চর্মের সকল অংশ বা অঞ্চলই এই চার প্রকার সংবেদনে অনুভূতি-শীল নয়। চর্মের এক এক অঞ্চল এক এক সংবেদনে অনুভূতিশীল। চর্মের যে সকল অঞ্চল তাপে সংবেদনশীল সেগুলিকে তাপবিন্দু বলা হয়।

Hebephrenia (হেবেফ্রেনিয়া)—(মঃ) হেবেফ্রেনিয়া;

এক প্রকারের প্রগাঢ় মানসিক বাতিক।